

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৩

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ২৪. (পবিত্রতা অর্জনের) পাত্র থেকে ওযু করা

بَابُ الْوُضُوءِ مِنَ الْمِيضَأَةِ

আরবী

أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَقِيلٍ عَنْ الرَّبَيِّعِ بِنْتِ مُعَوِّذِ بْنِ عَقْرَاءَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْتِينَا فِي مَنْزِلِنَا فَيَ مَنْزِلِنَا فَيَ مَنْزِلِنَا فَيَ مَنْزِلِنَا فَا تَكُونُ مُدَّا وَتُلُثَ مُدِّ أَوْ رُبُعَ مُدِّ فَأَسْكُبُ عَلَيْهِ فَيَتَوَضَّأُ ثَلَاثًا ثَلَاثًا ثَلَاثًا عَلَيْهِ فَيَتَوَضَّا ثَلَاثًا ثَلَاثًا إسناده حسن

বাংলা

৭১৩. রুবাঈ' বিনতে মুয়াওয়িয ইবনু আফরা' রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের বাড়িতে আমাদের নিকট আসতেন। তখন এক মুদ্দ ও এর তিন ভাগের একভাগ অথবা চার ভাগের একভাগ পানি ধরে, আমাদের এমন একটি পানির পাত্র নিয়ে আমি তাঁকে পানি ঢেলে দিতাম, আর তিনি (ওযুর অঙ্গসমূহ) তিন তিনবার করে ধুয়ে ওযু করতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: ইবনু মাজাহ ৩৯০; বাইহাকী ২৩৭ হাসান সনদে; (অপর সনদে) আবু দাউদ ১২৬; তিরমিয়ী ৩৩; হাকিম ১/১৫২; আহমদ ৬/৩৫৮-৩৬০; আবু দাউদ ১২৭-১২৯ ও ১৩১; হুমাইদী নং ৩৪৫। দেখুন, নাসবুর রায়াহ ১/১২; ফাতহুল বারী ১/২৮৬; নাইলুল আওতার ১/১৭৯।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ রুবায়্যি বিনতু মু আব্বিয (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন